

প্রেস রিলিজ

২৭ জানুয়ারি ২০২৫

**প্রকাশনায়, পাণ্ডুলিপি রচনা ও সম্পাদনায় সৃজনশীলতা ও পেশাদারিত্ব থাকতে হবে-বাউবি উপাচার্য**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত দিনব্যাপী “প্রকাশনা ও মুদ্রণ বিষয়ক” এক কর্মশালা আজ ২৭ জানুয়ারি ২০২৫ তারিখ সোমবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ই-লার্নিং সেন্টারে অনুষ্ঠিত হয়। বাংলা ভাষার প্রায়োগিক প্রসার ও প্রমিত বাংলা চর্চাকে ত্বরান্বিত করাই এ কর্মশালায় মূল লক্ষ্য। এ রকম শিখন ও প্রশিক্ষণ করা গেলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ে বাংলা ভাষার সমরূপ চর্চা নিশ্চিত হবে। পারস্পরিক আলাপের ক্ষেত্রে আঞ্চলিকতার প্রভাব হ্রাস পাবে। পাশাপাশি পৃথিবীর মধুরতম ভাষা ‘বাংলা’র সঙ্গে ভিনদেশি মানুষের কাঙ্ক্ষিত সংযোগ স্থাপন হবে। বাংলা সাহিত্য পাঠের প্রতি মানুষের আগ্রহ সৃষ্টি এবং বিশ্বের সাথে ভাষিক যোগাযোগের পথ সুগম হবে। এছাড়া বাংলা বানানের শুদ্ধতম চর্চার মাধ্যমে গুণগত মানবসম্পদ আমাদের দেশে তৈরি হবে। যারা রাষ্ট্রের প্রতিটি পর্যায়ে এবং স্ব স্ব ক্ষেত্রে বাংলাকে অগ্রাধিকার দিবে। তখন বাস্তবায়িত হবে শুদ্ধস্বর, শুদ্ধবাক্য ও শুদ্ধ বানান। আমরা সাধারণত সাধু ও চলিত ভাষা মিলিয়ে ফেলি। সাধু ও চলিত ভাষা মিশ্রণে ভাষার মাধুর্য নষ্ট হয়ে যায়। কারণ, কোন ভাষায় কথা বলতে গিয়ে কোন ভাষা বুঝাচ্ছে, সেটা ভালোভাবে বুঝতে পারা যায় না। চিঠি লিখতে বিরাম চিহ্ন যেমন দাড়ি, কমা, সেমিকোলন ইত্যাদি সঠিকভাবে প্রয়োগ না করলে বাক্যের অর্থ পুরোপুরি পাল্টে যায়। সুন্দর ও সাবলিল ভাষায় কথা বলা, নিজেকে অনন্য ভূমিকায় উপস্থাপিত করে সকলের কাছে গ্রহণযোগ্য করে তোলা মানুষের একটা বিশেষ গুণ। সুন্দর করে কথা বলতে পারা একটা আর্ট বা শিল্প। আজকের প্রশিক্ষণের মাধ্যমে আপনারা নিজেকে একজন শিল্পীর জায়গায় স্থান করে নিবেন। সুন্দর করে লিখবেন, উপস্থাপন করবেন এবং তা কাজে লাগাবেন আপনার ব্যক্তি জীবনে হোক বা কর্মক্ষেত্রে হোক। প্রকাশনায়, পাণ্ডুলিপি রচনা ও সম্পাদনায় সৃজনশীলতা ও পেশাদারিত্ব থাকতে হবে। তবেই এ কর্মশালার আয়োজন সার্থক হবে বলে আমার বিশ্বাস। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এসব কথা বলেন।

কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের প্রো- উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, ও বাংলা একাডেমির উপ-পরিচালক ড. সাহেদ মুস্তাজ। এ কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন, বাংলা একাডেমির উপ-পরিচালক ড. সাহেদ মুস্তাজ ও বাংলা একাডেমির উপ-পরিচালক ড. কুতুব আজাদ। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৬০ জন শিক্ষক ও কর্মকর্তা এ কর্মশালায় অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮